# জাতীয় গ্রন্থকেন্দ্র

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গ্রন্থভবন, ৫/সি, শহিদ আবরার ফাহাদ এভিনিউ, ঢাকা-১০০০
পিএবিএক্স (অটো): ২২৩৩৮৫৭৪৩, ২২৩৩৫০৫৮২ ফ্যাক্স: ২২৩৩৫২২১১
E-mail: office@jgk.gov.bd Web: www.jgk.gov.bd

স্মারক: ৪৩.২৭.০০০০.০০০.১০২.১১.০০০৬.২৫.৫৪৯ তারিখ: ২ ডিসেম্বর ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় গ্রন্থকেন্দ্রের শূন্য পদসমূহে অস্থায়ীভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নোক্ত ছকে প্রদর্শিত পদের পার্শ্ব-কলামে বর্ণিত শর্তে বাংলাদেশি নাগরিকের নিকট হতে অনলাইনে (http://jgk.teletalk.com.bd) আবেদন আহ্বান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক | পদের নাম | গ্রেড | বেতনস্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১. | ড্রাইভার | ১৫ | ৯,৭০০-২৩৪৯০ | ০৩ (তিন)টি | অষ্টম শ্রেণি পাশ। হালকা বা ভারী যানবাহন চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। অভিজ্ঞ প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২. | অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১৬ | ৯,৩০০-২২,৪৯০ | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি যথাক্রমে ইংরেজিতে প্রতি মিনিটে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ। |

**২। নিম্নবর্ণিত শর্তাবলি Online-এ আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

(ক) সকল পদের প্রার্থীর ক্ষেত্রেই ১লা অক্টোবর ২০২৫ খ্রি. তারিখে বয়সসীমা ১৮-৩২ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(খ) এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের ০২ ক্রমিকের শূন্য পদ পূরণের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪ সেপ্টেম্বর ২০১৯ তারিখের 'মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯' এবং বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের ০১ ক্রমিকের শূন্য পদ পূরণের ক্ষেত্রে 'Gazetted and Non-Gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rules, 1984' অনুসরণ করা হবে। এছাড়াও নিয়োগ সংক্রান্ত সরকারি যাবতীয় বিধি-বিধান/আদেশ/নিয়মাবলি এবং কোটার ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসৃত হবে।

(গ) সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণসাপেক্ষে আবেদন ফরম পূরণের সময় Departmental Candidate-এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূলকপি জমা দিতে হবে। এ ক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

(ঘ) চাকরির আবেদন ফরমে সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় চাকরির জন্য নির্বাচিত হলে চাকরির আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত চাকরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার সুযোগ থাকবে না।

(ঙ) সকল পদের জন্য লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হবেন।

(চ) মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্র, সংশ্লিষ্ট সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), নাগরিকত্ব, চারিত্রিক ও সকল প্রকার প্রশিক্ষণের সনদ (যদি থাকে), পূরণকৃত Applicant's Copy, প্রবেশপত্রের মূল কপিসহ সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি দাখিল করতে হবে।

(ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

(জ) আবেদনকারী বীরমুক্তিযোদ্ধা/শহিদমুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার পুত্র-কন্যা হলে প্রমাণক হিসেবে আবেদনকারীকে (সংশ্লিষ্ট বীরমুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার গেজেট/ভারতীয় তালিকা/লাল মুক্তিবার্তা নম্বর/সাময়িক সনদ নম্বর ও তারিখ /বামুস সনদের নম্বর ও তারিখ উল্লেখপূর্বক) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের প্রমাণপত্র উপস্থাপন করতে হবে।

(ঝ) কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

(ঞ) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে যাচিত ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্যতা পাওয়া গেলে/ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তী যে কোনো সময়ে প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(ট) যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন তবে তিনি আবেদন করার জন্য অযোগ্য বিবেচিত হবেন।

(ঠ) লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(ড) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(ঢ) কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল কিংবা বিধি মোতাবেক নিয়োগ সংক্রান্ত যেকোনো পরিবর্তন/সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

**৩। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি :**

(ক) আগ্রহী প্রার্থীগণ http://jgk.teletalk.com.bd/ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ৮ ডিসেম্বর ২০২৫ সকাল ১০.০০টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ৭ জানুয়ারি ২০২৬ বিকাল ৫.০০টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online-এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টেড পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নির্দেশমতে ছবি ও স্বাক্ষর upload করে আবেদন Submit করার পর কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদন Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোনো ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। তাই, আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's Copy তে সম্প্রতি তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোডপূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ০১-০২ পর্যন্ত ক্রমিকে উল্লিখিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২/- (বারো) টাকাসহ মোট ১১২/-(একশত বার) টাকা (অফেরতযোগ্য) আবেদন-পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে সকল গ্রেডের অনগ্রসর (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীগণ পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, 'Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না'।

(চ) 1st SMS : JGK<Space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: JGK ABCDEF Send করতে হবে16222নম্বরে
Reply: Applicant's Name, Tk. 112/56 will be charged as application fee. Your Pin is 12345678. To Pay fee type JGK<Space>YES<Space>Pin লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

(ছ) 2nd SMS: JGK<Space>YES<Space>Pin লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
ExampleJGK YES 12345678.
Reply:Congratulations! Applicant's Name, Payment Completed successfully for JGK. Application for XXXXXXXX. User ID (ABCDEF) and Password: (*********).

(জ) প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি http://jgk.teletalk.com.bd/ অথবা জাতীয় গ্রন্থকেন্দ্রের website: www.jgk.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা-সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ঝ) SMSএ প্রেরিত User IDএবংPasssword ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Downloadপূর্বক প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষা, ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(ঞ) শুধু Teletalk pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serialএবং Pin পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে JGK<Space>Help<Space>User<Space> User ID and send to 16222
Example :JGK.HELP USER ABCDEF

ii. Pin নম্বর জানা থাকলে JGK<Space>Help<Space>PIN<Space>Pin No. and send to 16222
Example :JGKHELP PIN ********.

(ট) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জাতীয় গ্রন্থকেন্দ্রের ওয়েবসাইট www.jgk.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এসংক্রান্ত সকল তথ্য পাওয়া যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল https@alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.jgk.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঠ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১৩১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

(ড) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে বিধি মোতাবেক আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

৪। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

জাতীয় গ্রন্থকেন্দ্রের ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

জাতীয় গ্রন্থকেন্দ্রে- এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code

02.12.25

**আফসানা বেগম**
পরিচালক
জাতীয় গ্রন্থকেন্দ্র